**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০০০.০৪২.১৯.০০২১.২৪-২৯৬০ তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩২ / ১১ ডিসেম্বর ২০২৫

**বিষয় : মৌলভীবাজার জেলা পরিষদে উপসহকারী প্রকৌশলী প্রেষণে পদায়ন।**

সূত্র : ১. স্মারক নং- ৪৬.০০.০০০০.০০০.০৪২.১৯.০০২১.২৪-২৯৫৯; তারিখ: ১১/১২/২০২৫ খ্রি.
২. স্মারক নং-৪৬.০০.৫৮০০.০০১.০৮.০০১.০১.৬৩৬, তারিখ: ০৫/১১/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জনানো যাচ্ছে যে, জনাব সিপন কুমার দাস, উপসহকারী প্রকৌশলী, গত ১৯/০৩/২০২৩ খ্রি: তারিখ হতে মৌলভীবাজার জেলা পরিষদে কর্মরত রয়েছে। বিভিন্ন সময়ে তার বিরুদ্ধে অনেক ঠিকাদার ও প্রকল্প কমিটির কাছ থেকে আর্থিক লেনদেনের বিষয়ে একাধিক ব্যক্তির নিকট হতে লিখিত অভিযোগ পাওয়া যায়। কাজের অনিয়মের বিষয়ে জাতীয় পত্রিকা ‘দৈনিক যুগান্তর', 'দৈনিক প্রতিদিনের কাগজ'-সহ বিভিন্ন পত্রিকায় তার বিরুদ্ধে সংবাদ প্রকাশিত হয়। এতে জেলা পরিষদের ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে এবং সাধারণ জনগণের জেলা পরিষদের প্রতি একটি নেতিবাচক ধারণা তৈরি হচ্ছে। এছাড়া, প্রশাসক, জেলা পরিষদ এবং প্রধান নির্বাহী কর্মকর্তার বিরুদ্ধে ঠিকাদারকে ইন্ধন প্রদান করা, কর্মচারীদেরকে গালিগালাজ করা, বিভিন্ন বিষয়ে মিথ্যার আশ্রয় নেয়াসহ বিভিন্ন অপকর্মের সাথে তিনি জড়িত মর্মে সূত্রোক্ত পত্রে উল্লেখ করা হয়েছে। এছাড়া, সূত্রোক্ত ২নং স্মারকে মৌলভীবাজার জেলা পরিষদ হতে উক্ত কর্মকর্তার বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ আনয়ন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগ-কে অনুরোধ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, জনাব সিপন কুমার দাস, উপসহকারী প্রকৌশলী, মৌলভীবাজার-এর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়টি তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে এ বিভাগ-কে জানানোর জন্য সংশ্লিষ্ট সংলগ্নী প্রেরণপূর্বক নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: .....................পাতা।

১১.১২.২৫
মো: শফিকুর আলম
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email: lgzp@lgd.gov.bd

প্রধান প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর,
আগারগাঁও, ঢাকা।

নম্বর : ৪৬.০০.০০০০.০০০.০৪২.১৯.০০২১.২৪-২৯৬০/১(১০) তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩২ / ১১ ডিসেম্বর ২০২৫

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৪। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট;
০৫। প্রশাসক, জেলা পরিষদ, মৌলভীবাজার;
০৬। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মৌলভীবাজার;
০৮। সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
০৯। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১০। ..........................................................................................।

১১.১২.২৫
মো: শফিকুর আলম
উপসচিব

জেলা পরিষদ কার্যালয়
মৌলভীবাজার
www.zpmoulvibazar.gov.bd

স্মারক নং : ৪৬.০০.৫৮০০.০০১.০৮.০০১.০১.৬৩৬ তারিখ : ০৫/১১/২০২৫ খ্রি:

**বিষয় : মৌলভীবাজার জেলা পরিষদে কর্মরত সহকারী প্রকৌশলী (ভারপ্রাপ্ত) জনাব সিপন কুমার দাস এর বিরুদ্ধে আনিত অভিযোগ এর প্রেক্ষিতে কারণ দর্শানোর নোটিশ সমূহ এবং জবাব অগ্রগামীকরণ প্রসঙ্গে।**

সূত্র: ১) অত্রাফিসের স্মারক নং - ৪৬.০০.৫৮০০.০০১.০১.০৫.০৫৭.২৩.৫৪; তারিখ: ১৩/০২/২৫ খ্রি:
২) অত্রাফিসের স্মারক নং - ৪৬.০০.৫৮০০.০০১.০১.০৫৮.২৩. (অংশ-০২).১৮৬; তারিখ: ০৪/০৫/২৫ খ্রি:
৩) অত্রাফিসের স্মারক নং - ৪৬.০০.৫৮০০.০০১.০১.০৫.০৫৮.২৩. (অংশ-২).২৮২; ০১/০৬/২৫ খ্রি:
৪) অত্রাফিসের স্মারক নং - ৪৬.০০.৫৮০০.০০১.০১.০৫.০৫৭.২৩.৩৪৭; তারিখ: ৩০/০৬/২৫ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্রাফিসের সহকারী প্রকৌশলী (ভারপ্রাপ্ত) জনাব সিপন কুমার দাসকে ১ নং স্মারক মূলে বার বার বলা সত্ত্বেও প্রকল্প সাইটে গিয়ে ছবি প্রেরণ না করা ও অফিসিয়াল চেইন অব কমান্ড ভঙ্গ করার জন্য ৭ (সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য বলা হয়। ১৯/০২/২৫ খ্রি: তারিখে তিনি তার জবাব প্রদান করেন; যা সন্তোষজনক নয় মর্মে নিম্ন স্বাক্ষরকারীর নিকট প্রতীয়মান হয়। ২ নং সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে উন্নয়ন প্রকল্পে বিল প্রদানের ক্ষেত্রে বিলম্ব জরিমানা কর্তন না করায় পরিষদকে রাজস্ব আয় হতে বঞ্চিত করা, প্রকল্পের সময়সীমা বৃদ্ধি না করে বিল উপস্থাপন করা, ফাইলের কার্যক্রম গ্রহণে দেরী করা, মন্ত্রণালয়ের নির্দেশনা লঙ্ঘন ইত্যাদি বিষয়ে কারণ দর্শানো হয়। ১৪/০৫/২৫ খ্রি: তারিখে তিনি তার জবাব প্রদান করেন; যা সন্তোষজনক নয়। ৩ নং স্মারক মূলে সিডিউল বহির্ভূত কাজ বাস্তবায়ন পূর্বক বিল প্রদান করার জন্য কারণ দর্শানো হয়। ১৬/০৬/২৫ খ্রি: তারিখে তিনি তার জবাব প্রদান করেন। উক্ত কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়ায় ৪ নং সূত্রোক্ত স্মারকমূলে সহকারী প্রকৌশলী (ভারপ্রাপ্ত) কে পূর্বের ৩ টি স্মারকের সুনির্দিষ্ট জবাব প্রেরণের জন্য চাওয়া হয়। ০৭/০৭/২৫ খ্রি: তারিখে তিনি তার জবাব প্রদান করেন। তাছাড়াও উনার বিরুদ্ধে বিভিন্ন ঠিকাদার ও প্রকল্প কমিটির কাছ থেকে আর্থিক লেনদেন এর বিষয়ে একাধিক ব্যক্তির নিকট হতে অভিযোগ পাওয়া যায়। কাজের অনিয়মের বিষয় নিয়ে প্রাক্তন জেলা পরিষদ সদস্য প্রশ্ন উত্থাপন করলে তার সাথে সংঘর্ষ এবং হাতাহাতিতে লিপ্ত হন। কাজের অনিয়মের বিষয়ে জাতীয় পত্রিকা "দৈনিক যুগান্তর" এ উনার বিরুদ্ধে নিউজ প্রকাশিত হয়, এতে করে জেলা পরিষদের ভাবমূর্তি ক্ষুণ্ন হচ্ছে ও জেলা পরিষদের প্রতি সাধারণ জনগণের মধ্যে একটি নেতিবাচক ধারণা তৈরী হচ্ছে। প্রশাসক জেলা পরিষদ এবং প্রধান নির্বাহী কর্মকর্তার বিরুদ্ধে বিভিন্ন ঠিকাদারকে ইন্ধন প্রদান করা, কর্মচারীদেরকে গালিগালাজ করা, বিভিন্ন বিষয়ে মিথ্যার আশ্রয় নেয়া, কর্মচারীদের মধ্যে গ্রুপিং সৃষ্টি করাসহ বিভিন্ন অপকর্মের সাথে তিনি জড়িত।

এমতাবস্থায়, জনাব সিপন কুমার দাস এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়ের নিকট সবিনয় অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে ১২ (বারো) ফর্দ।

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্মসচিব
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)
১) প্রশাসন
২) নগর উন্নয়ন
৩) উন্নয়ন
৪) পানি সরবরাহ (পাস)
৫) উপজেলা অধিশাখা
৬) ইউপি অধিশাখা
৭) অডিট অধিশাখা
৮) আইন অধিশাখা
ডাইরি নং.........
তারিখঃ ২৩/১১/২৫
স্বাক্ষর

০৫/১১/২০২৫
(শামীমা খন্দকার)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মৌলভীবাজার।
ফোনঃ ০২-৪১১১০১৭০
ই-মেইল - zpmlv@yahoo.com

ডাইরী নং- ২৫৩
তারিখ- ২৫/১১/২৫
উপসচিব
জেলা পরিষদ অধিশাখা

সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫/১১/২৫

**অনুলিপি ঃ সদয় অবগতির জন্য**
১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি),আগারগাঁও ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সিলেট।
৪। প্রশাসক, জেলা পরিষদ, মৌলভীবাজার।
৫। জনাব সিপন কুমার দাস, সহকারী প্রকৌশলী (ভারপ্রাপ্ত), জেলা পরিষদ, মৌলভীবাজার।
৬। অফিস নথি।

অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের দপ্তর
নং ১৭৫৫ তারিখঃ ২৫/১১/২৫
যুগ্মসচিব (প্রশাসন/ উপজেলা/ অডিট)
অতিরিক্ত সচিব (প্রশাসন)

ডাইরী নং.................তারিখঃ ২৫/১১/২৫
উপসচিব/সিনিয়র সহকারী সচিব
(প্রশাসন-১/প্রশাসন-২/সমন্বয় ও কাউন্সিল/জেপ
১৯৫৫
যুগ্মসচিব (প্রশাসন)

স্থানীয় সরকার বিভাগ
গ্রহণ ও প্রেরণ শাখা
তারিখ ২৩/১১/২০২৫
ডাইরি নং ১১৭৫৫

জেলা পরিষদ কার্যালয়
মৌলভীবাজার।
www.moulvibazar.gov.bd

স্মারক নংঃ ৪৬.০০.৫৮০০.০০১.০১.০৫.০৫৭.২৩. ৫৪ তারিখঃ ১৩/০২/২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: কারণ দর্শানোর নোটিশ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি জনাব সিপন কুমার দাশ, সহকারী প্রকৌশলী (ভারপ্রাপ্ত) কে প্রকল্পের কাজ প্রাক্কলন ও নকশা অনুযায়ী সম্পন্ন হওয়া এবং প্রকল্পের কাজের স্বচ্ছতা, জবাবদিহিতা, মনিটরিং ও সুপারভিশন নিশ্চিতের লক্ষ্যে নিম্নস্বাক্ষরকারী যোগদানের পর আপনার প্রথম ভ্রমণ ভাতা বিল অনুমোদনের সময় প্রকল্প সাইট পরিদর্শনের সময় প্রত্যেকটি ক্ষেত্রে তাৎক্ষনিকভাবে বিভিন্ন এঙ্গেলে ছবি নিম্নস্বাক্ষরকারীর হোয়াট্অ্যাপ এ প্রেরণ করার জন্য বলা হয়। দ্বিতীয় ভ্রমণভাতার বিল (১২/০৯/২৪) ও তৃতীয় ভ্রমণভাতার বিল (১৮/১১/২৪) অনুমোদনের সময় মৌখিকভাবে ছবি প্রদানের বিষয়ে বলা হলে আপনি প্রতিবারই ছবি প্রদান করবেন বলে অঙ্গিকার করেন; কিন্তু পরবর্তিতে পরিদর্শনের তাৎক্ষনিক কোন প্রমাণক প্রর্দশন করেন নি। গত ০২/০১/২৫ খ্রি: তারিখে ভ্রমন বিলটির বিষয়ে আপনাকে মৌখিকভাবে জিজ্ঞাসা করা হলে আপনি উত্তরে বলেন, "ছবি আপনি প্রতিটি ক্ষেত্রেই নিম্ন স্বাক্ষরকারীকে দিয়েছেন" যা ছিলো সম্পূর্ণ অসত্য ও মনগড়া কথা। প্রমাণক উপস্থাপনের জন্য পুণরায় বলা হলে আপনি ডানে বামে কথা ঘুরিয়ে কালক্ষেপন করেন। আপনার এহেন আচরণ অফিসিয়াল "চেইন অব কমান্ড" বজায় রাখার পরিপন্থি এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধিমালা - ২ (খ) (অ) অনুযায়ী কর্তব্যে অবহেলা প্রদর্শন; যা অসদাচরণের সামিল।

এমতবস্থায়, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধিমালা - ২ (খ) (অ) অনুযায়ী আপনার বিরুদ্ধে কেন বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক জবাব পত্র প্রাপ্তির ৭ কার্যদিবসের মধ্যে দাখিল করার জন্য বলা হলো; অন্যথায় আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

জনাব সিপন কুমার দাশ
সহকারী প্রকৌশলী (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, মৌলভীবাজার।

১৩|০২|২০২৫
(শামীমা খন্দকার)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মৌলভীবাজার।
ফোন : ০২-৪১১১০১৮০

অনুলিপিঃ সদয় অবগতির জন্য
০১। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০২। প্রশাসক, জেলা পরিষদ, মৌলভীবাজার।

CS CamScanner

মাননীয়
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মৌলভীবাজার।

**বিষয় ঃ কারন দর্শানোর নোটিশ হতে অব্যাহতি প্রসঙ্গে।**

জনাব

নিবেদন এই যে, আমি অত্র পরিষদের উপ-সহকারী প্রকৌশলী ও সহঃ প্রকৌঃ (ভারপ্রাপ্ত) হিসেবে কর্মরত। বিগত ১৩/০২/২০২৫ ইং তারিখে প্রকল্প পরিদর্শনের সময় তাৎক্ষনিক ভাবে হোয়াট্অ্যাপ এ প্রকল্প পরিদর্শনের ছবি প্রেরন না করার জন্য আমাকে কারন দর্শানোর জন্য বলা হয়। প্রকল্প সাইটের বেশীরভাগই প্রত্যন্ত অঞ্চলের বিধায় আমি প্রকল্প সাইট পরিদর্শনের সময় নিরাপত্তার স্বার্থে আমার পুরানো ফোন বহন করি। যার কারনে সময়মতো ছবি প্রেরন করা সম্ভব হয় না। যে সকল প্রকল্প আমি পরিদর্শন করতে যাই সে সকল সাইটের ঠিকাদার কিংবা প্রকল্প কমিটির সদস্যদের মোবাইল থেকে ছবি সংগ্রহ করে প্রকল্পের বিলের সময় সংযুক্ত করি। আপনার নির্দেশনা মোতাবেক এখন হতে প্রতি প্রকল্প সাইট পরিদর্শন শেষে ঠিকাদার কিংবা প্রকল্প কমিটির সদস্যদের নিকট হতে প্রাপ্ত ছবি সাথে সাথে মহোদয়কে প্রেরন করা হবে। আমার এই অনাকাঙ্খিত ভুলের জন্য ক্ষমাপ্রার্থী।

আমার উপরোক্ত ব্যাখ্যায় মহোদয় সন্তুষ্ট হয়ে আমাকে উক্ত কারন দর্শানোর দায় হতে অব্যাহতি দিতে মর্জি হয়।

(সিপন কুমার দাস)
উপঃ সহকারী প্রকৌশলী
ও
সহঃ প্রকৌশলী (ভারপ্রাপ্ত)

জেলা পরিষদ কার্যালয়

মৌলভীবাজার।

www.zpmoulvibazar.gov.bd

স্মারক নং ঃ ৪৬.০০.৫৮০০.০০১.০১.০৫৮.২৩ (অংশ-০২). ১৮৬ তারিখ ঃ ০৪/০৫/২৫ খ্রি:

**বিষয় ঃ কারণ দর্শানোর নোটিশ**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদ হতে এডিপি ও রাজস্ব তহবিলের আওতায় গৃহীত বিভিন্ন প্রকল্পের চূড়ান্ত বিল প্রস্তুতপূর্বক অনুমোদনের জন্য বিধিমোতাবেক নিম্ন স্বাক্ষরকারীর নিকট দাখিল করা হয়। নিম্নস্বাক্ষরকারী কর্তৃক স্বাক্ষরের পর চূড়ান্ত অনুমোদনের জন্য প্রশাসক (জেলা প্রশাসক)/চেয়ারম্যান এর নিকট দাখিল করা হয়। দাখিলকৃত নথি সমূহ পর্যালোচনায় দেখা যায় যে, গৃহীত প্রকল্পসমূহ মন্ত্রণালয় হতে অনুমোদনের পর পরিষদ হতে প্রতিষ্ঠানের সভাপতিকে নির্ধারিত ছকে কমিটি দাখিল এবং ৩০০/- টাকার ষ্ট্যাম্পে চুক্তি সম্পাদন করার জন্য পত্র প্রেরণ করা হয়। পত্রের প্রেক্ষিতে সভাপতি কর্তৃক যাবতীয় কাগজপত্রাদি দাখিল করার পর প্রতিষ্ঠানের সভাপতি কর্তৃক চুক্তি স্বাক্ষর করা হয়। উক্ত চুক্তির ১ম পক্ষ অর্থাৎ পরিষদের পক্ষে আপনি জনাব সিপন কুমার দাস, উপ-সহকারী প্রকৌশলী ও সহকারী প্রকৌশলী (ভারপ্রাপ্ত), জেলা পরিষদ, মৌলভীবাজার বিধি মোতাবেক সাক্ষী হিসেবে রয়েছেন।

২। ২য় ও চুড়ান্ত বিলের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রকল্প কমিটির প্রধানের আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সহকারী কর্তৃক নথির নোটাংশ তৈরী পূর্বক নথি আপনার নিকট উপস্থাপনের প্রায় ১ মাস হতে ৫ মাস পর আপনি নথির কার্যক্রম গ্রহণ করেন। আপনি পিপিআর, ২০০৮ এর ৩৯ (২২) এবং (২৯) বিধি যথাযথভাবে অনুসরণ করছেন না। আপনার এ ধরণের বিলম্বে নথির কার্যক্রম গ্রহণ উন্নয়ন কার্যক্রম এর গতি শ্লথ করছে।

৩। নথিতে রক্ষিত যাবতীয় কাগজপত্রাদি পর্যালোচনাক্রমে দেখা যায়, প্রকল্প বাস্তবায়ন কমিটির ক্ষেত্রে চুক্তির শর্তানুযায়ী ১ম চেক প্রাপ্তির ৭৫ দিনের মধ্যে কাজ শেষ করতে হবে, অন্যথায় সর্বোচ্চ ১০% জরিমানা কর্তনের বিধান রয়েছে। ২য় ও চূড়ান্ত বিল হিসাব শাখায় পাঠানোর সময় জরিমানার হার নির্ধারণ না করে পাঠানোর কারণে সংশ্লিষ্ট প্রকল্প হতে হিসাব শাখা কর্তৃক কোন জরিমানা কর্তনের প্রস্তাব দেয়া হয়নি। পরবর্তীতে হিসাব শাখা হতে পরীক্ষান্তে আপনার নিকট পুনরায় নথি উপস্থাপিত হয় এবং আপনিও আপনার উর্ধতন কর্তৃপক্ষের নিকট নথি উপস্থাপনের সময় জরিমানার বিষয়টি প্রস্তাব করেননি। যার ফলে পরিষদ রাজস্ব আয় হতে বঞ্চিত হয়েছে, উপরন্তু অর্থ বছর শেষে নিরীক্ষাকালে আপত্তিযোগ্য বিষয় হয়ে দাঁড়াবে।

৪। ২০২৩-২৪ অর্থ বছরের ইজিপি আইডি নং ৯৬৫১৯৫ এর প্রকল্প গ) শ্রী শ্রী জগন্নাথ দেবের আখড়া উন্নয়ন। প্রাক্কলিত মূল্য ১০.০০ লক্ষ টাকা। কাজ শেষের সর্বশেষ মেয়াদ ০৯/১০/২৪ খ্রি: তারিখ পর্যন্ত। ঠিকাদার কর্তৃক নিম্নস্বাক্ষরকারীর নিকট চূড়ান্ত বিলের আবেদন করা হয় ২৮/১১/২৪ খ্রি: তারিখে। নিম্নস্বাক্ষরকারী কর্তৃক ২০/০২/২০২৫ খ্রিঃ তারিখে সরেজমিনে পরিদর্শন কালে জানা যায় যে, ঠিকাদার আপনার নির্দেশনা মোতাবেক কাজ শুরুর প্রস্তুতি নিয়েছেন। কার্যাদেশের মেয়াদ অতিক্রান্ত হওয়ার বিষয়টি আপনি আপনার উর্দ্ধতন কর্তপক্ষকে অবহিত করেননি এবং কর্তৃপক্ষ কর্তৃক কাজের মেয়াদও বৃদ্ধি করা হয়নি। প্রকল্পের কার্যাদেশের সময়সীমা বৃদ্ধি ব্যতীত এবং কাজ শুরু করা ব্যতীত ঠিকাদার কর্তৃক দাখিলকৃত চূড়ান্ত বিলের আবেদন উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট সহকারীকে আপনি লিখিতভাবে আদেশ করেন, যা সম্পূর্ণ আইন ও বিধি বিধান বহির্ভূত।

৫। ইজিপি আই.ডি নং - ৯৭৮২৫৩ এর প্রকল্প (ক) "৬ নং ওয়ার্ডের ৮ নং কাসেমনগর মাসুম গংদের বাড়ির সামনা হতে মুজিব শতবর্ষ এর আশ্রয় প্রকল্প - ২ পর্যন্ত রাস্তা ইট সলিং।" (খ) "২ নং ওয়ার্ডের মদিকোনা বাজারিটিলা সরকারি রাস্তার পাশে একিন আলী মিয়ার বাড়ির পুকুরের গাইড ওয়াল নির্মাণ করণ।" (গ) "৪ নং ওয়ার্ডের গ্রাম তলা গ্রামের কুটু বলাই মিয়ার বাড়ি হইতে জয়নাল মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তা ইট সলিং।" (ঘ) "৮ নং ওয়ার্ডের তেরাছড়া আব্দুল রহমানের বাড়ি হতে আজিম উদ্দিন এর বাড়ি পর্যন্ত রাস্তা ইট সলিং করণ।" কাজটির ঠিকাদার চূড়ান্ত বিলের জন্য ২৯/১০/২৪ খ্রি: তারিখে আবেদন করেন। ৩০/০১/২৫ খ্রি: তারিখে ১ম চলতি বিলের কার্যক্রম সম্পন্ন হওয়ার পর সংশ্লিষ্ট সহকারী ১৬/০২/২৫ খ্রি: তারিখে নথি আপনার নিকট উপস্থাপন করলে আপনি ২৩/০৪/২৫ খ্রি: তারিখে নথির কার্যক্রম গ্রহণ করেন। আপনার এ ধরনের দেরীতে নথির কার্যক্রম গ্রহণ উন্নয়ন কার্যক্রম এর গতি শ্লথ করছে। এছাড়া পিপিআর বিধিমালা ২০০৮ এর ৩৯ (২২) ও (২৯) বিধি লঙ্ঘিত হচ্ছে।

CamScanner

৬। ৫ই আগষ্টের পরিবর্তিত পরিস্থিতির প্রেক্ষাপটে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক স্মারক নং- ৩.০৪২.০০০০.০০০.২২.০০২.১৫.১৪৫৯, তারিখ - ০১/১০/২০২৪ ইং মূলে উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন নির্দেশনা অনুযায়ী **"ইতঃপূর্বে অনুমোদিত কিন্তু বাস্তবায়ন করা সম্ভব হয়নি এমন প্রকল্প বাস্তবতার নিরিখে পরিবর্তনক্রমে নতুন প্রকল্প গ্রহণ করতে হবে"** উক্ত নির্দেশনা মোতাবেক কার্যাদেশের মেয়াদ অতিক্রান্ত হওয়া অবাস্তবায়িত প্রকল্প সমূহ কর্তৃপক্ষের পরবর্তী নির্দেশনা ব্যতীত বাস্তবায়ন না করার জন্য ঠিকাদারকে অবহিত করা হয়। ইজিপি আইডি নং - ৯৬৫১৯৫ এর ক্ষেত্রে কর্তৃপক্ষের নির্দেশনা ও কার্যাদেশের মেয়াদ বৃদ্ধি ব্যতিত আপনার তত্ত্বাবধানে প্রকল্প বাস্তবায়নের বিষয়টি মন্ত্রণালয়ের উপরে উল্লিখিত নির্দেশনার পরিপন্থি।

আপনার এ ধরণের কর্মকান্ড সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২ (খ) এর (অ), (আ), (ই) অনুযায়ী অসদাচরণের সামিল; যা বিধি-৩ এর (খ) অনুযায়ী দন্ডের ভিত্তি।

এমতাবস্থায়, সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ২ (খ) এর (অ), (আ), (ই) এবং ৩ (খ) মোতাবেক কেন আপনার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে না; তার সন্তোষজনক জবাব পত্র প্রাপ্তির ৭ (সাত) কার্য দিবসের মধ্যে দাখিল করার জন্য বলা হলো।

সংযুক্তি ঃ সংশ্লিষ্ট নথির তালিকা

(শামীমা খন্দকার)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মৌলভীবাজার।

প্রাপক ঃ
সিপন কুমার দাস, উপ-সহকারী প্রকৌশলী ও সহকারী প্রকৌশলী (ভারপ্রাপ্ত), জেলা পরিষদ, মৌলভীবাজার।

অনুলিপি ঃ
১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সিলেট।
৫। প্রশাসক, জেলা পরিষদ, মৌলভীবাজার।
৬। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার।
৭। অফিস নথি।

CS CamScanner

নথি স...

১। আ... ...হ্রাহ উচ্চ বিদ্যালয়ের মসজিদের উন্নয়ন। (২০২৩-২৪)

২। দা... ...াজার উচ্চ বিদ্যালয়ে ছাত্রীদের জন্য ওয়াসব্লক নির্মান। (২০২২-২৩)

৩। শ... ...না সার্বজনীন দূর্গাবাড়ী উন্নয়ন। (২০২৩-২৪)

৪। মি... শ্মশানঘাট কালী মন্দির উন্নয়ন। (২০২৩-২৪)

৫। বা... ...গ্রামের কবরস্থানের বাউন্ডারী ওয়াল নির্মান। (২০২৩-২৪)

৬। গো... ...রাওড় কবরস্থান উন্নয়ন। (২০২৩-২৪)

৭। জা... ...শাহী ঈদগাহ উন্নয়ন। (২০২২-২৩)

৮। তৈ... ...জার মাছ ও সবজি বাজারচালী সংস্কার। (২০২০-২১)

৯। উ... ...বই সার্বজনীন পূজা মন্ডপ উন্নয়ন। (২০২৩-২৪)

১০। হ... শাহ কামাল দরগাহ জামে মসজিদ উন্নয়ন। (২০২৩-২৪)

১১। র... ...র চা বাগান কালী মন্দির উন্নয়ন। (২০২৩-২৪)

১২। টি... ...ও আজিজুন্নেছা উচ্চ বিদ্যালয় পুরাতন ভবনের শ্রেণীকক্ষ সংস্কার। (২০২৩-২৪)

১৩। শ... ...র (রঃ) হাফিজিয়া মাদ্রাসা উন্নয়ন। (২০২৩-২৪)

CS CamScanner

বরাবর

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মৌলভীবাজার।

বিষয় : কারণ দর্শানোর জাবাব প্রসংগে।

সূত্র : স্মারক নং-৪৬.০০.৫৮০০.০০১.০১.০৫৮.২৩ (অংশ-০২)/২৮২, তাং-০১/০৬/২০২৫ খ্রি:

জনাব,

উপর্যুক্ত বিষয়ের ও সূত্রোক্ত স্মরকের পত্রের আলোকে উল্লেখ করছি যে, বড়কাপন মুন্সীবাড়ী কবরস্থান উন্নয়ন, প্রাক্কলিত ব্যয় ৫.০০ লক্ষ টাকা প্রকল্পটি গ্রহণ করেন তৎকালিন চেয়ারম্যান, প্রধান নির্বাহী কর্মকর্তা ও সহকারী প্রকৌশলী এবং ০২/০১/২০২২ খ্রি: তারিখে মন্ত্রণালয় হতে অনুমোদন পাওয়ার প্রেক্ষিতে তৎকালিন সহকারী প্রকৌশলী ২৬/০৮/২০২২ খ্রি: দরপত্র আহবান করেন এবং ৩১/১০/২০২২ খ্রি: তারিখ কার্য়াদেশ প্রদান করেন। কার্যাদেশ প্রদানের পর তৎকালিন উপ-সহকারী প্রকৌশলী কবরস্থানের কমিটির সদস্যদের নিয়ে কবরস্থানের বাউন্ডারী ওয়াল এর লে-আউট প্রদান করেন। আমি ১৯/০৩/২০২৩ খ্রি: অত্র জেলা পরিষদে যোগদান পর উক্ত কাজ প্রায় ৭০% শেষ পর্যায়ে পায়। আমি সহকারী প্রকৌশলী মহোদয়ের নির্দেশনা মোতাবেক ১৩/০৪/২০২৩ খ্রি: ১ম চলতি বিল প্রস্তুত করে সহকারী প্রকৌশলী মহোদয়ের নিকট উপস্থাপন করি। পরবর্তীতে সহকারী প্রকৌশলী মহোদয়ের বদলী জনিত কারনে আমি ৩০/১১/২০২৩ খ্রি: সহকারী প্রকৌশলী (ভা:প্রা:) দায়িত্বপ্রাপ্ত হয়। উক্ত প্রকেল্পের ঠিকাদার কাজের চুড়ান্ত বিলের আবেদন এবং চেয়ারম্যান মহোদয়ের মৌখিক নির্দেশনা মোতাবেক আমি ও প্রধান নির্বাহী কর্মকর্তা (ভা:প্রা:) মহোদয় সরজমিনে সাইট পরিদর্শন করি। ২২/০৪/২০২৪ খ্রি: তারিখ চুড়ান্ত বিল প্রস্তুত করে প্রধান নির্বাহী কর্মকর্তা (ভা:প্রা:) মহোদয়ের নিকট নথি প্রেরণ করি।

আমার উপরোক্ত ব্যাখায় মহোদয় সন্তুষ্ট হয়ে আমাকে উক্ত কারণ দর্শানানোর দায় হতে অব্যাহতি প্রদানে আপনার মর্জি হয়।

(সিপন কুমার দাস)
উপ- সহকারী প্রকৌশলী
ও
সহকারী প্রকৌশলী (ভা:প্রা:)

অনুলিপি : সদয় অবগতির জন্য-

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
২। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সিলেট।
৩। প্রশাসক, জেলা পরিষদ, মৌলভীবাজার।

CamScanner

(১০)

# জেলা পরিষদ কার্যালয়

মৌলভীবাজার।

www.zpmoulvibazar.gov.bd

স্মারক নং ঃ ৪৬.০০.৫৮০০.০০১.০১.০৫.০৫৭.২৩. ৩৪৭ তারিখ ঃ ৩০/০৬/২০২৫ খ্রিঃ

**বিষয়: পুনরায় কারণ দর্শানোর জবাব দাখিল প্রসঙ্গে।**

সূত্র: ১) জেলা পরিষদের স্মারক নং : ৪৬.০০.৫৮০০.০০১.০১.০৫.০৫৭.২৩.৫৪; তারিখ: ১৩/০২/২৫ খ্রি:
২) জেলা পরিষদের স্মারক নং : ৪৬.০০.৫৮০০.০০১.০১.০৫.০৫৭.২৩.১৭৫; তারিখ: ৩০/০৪/২৫ খ্রি:
৩) জেলা পরিষদের স্মারক নং: ৪৬.০০.৫৮০০.০০১.০১.০৫.০৫৭.২৩ (অংশ-২).১৮৬; তারিখ: ০৪/০৫/২৫ খ্রি:

উপর্যুক্ত বিষয় এবং ১ ও ২ নং সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনার ১৩/০২/২৫ খ্রি: ও ৩০/০৪/২৫ খ্রি: তারিখের কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়া পুনরায় সুনির্দিষ্ট জবাব পত্র প্রাপ্তির ৭ কার্যদিবসের মধ্যে দাখিল করার জন্য বলা হলো। তাছাড়া ৩ নং স্মারকের কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়ায় পুণরায় জবাব দাখিল করার জন্য বলা হলেও আপনি অদ্যাবধি জবাব দাখিল করেন নি।

এমতাবস্থায়, সূত্রোক্ত ১,২ ও ৩ নং স্মারকের সুনির্দিষ্ট জবাব পত্র প্রাপ্তির ৭ কার্যদিবসের মধ্যে পুনরায় দাখিল করার জন্য বলা হলো। অন্যথায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী আপনার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

জনাব সিপন কুমার দাশ
সহকারী প্রকৌশলী (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, মৌলভীবাজার।

৩০/০৬/২০২৫
(শামীমা খন্দকার)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মৌলভীবাজার।
ফোন: ০২-৪১১১০১৮০

৩০/০৬/২৫

অনুলিপি: সদয় অবগতির জন্য

০১। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
০২। প্রশাসক, জেলা পরিষদ, মৌলভীবাজার।

CS CamScanner

১৬

বরাবর

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মৌলভীবাজার।

ডকেট নং-...৭০৭
তারিখ : ৩/০৭/২৫
সচিব : ..........
সহঃ প্রকৌঃ ..........
শাখা : ..........
প্রঃ নিঃ কঃ

বিষয় : কারণ দর্শানোর জাবাব প্রসংগে।

সূত্র : স্মারক নং-৪৬.০০.৫৮০০.০০১.০৫.০৫৭.২৩.৩৪৭, তাং-৩০/০৬/২০২৫ খ্রি:
সূত্র : ১ ও ২ স্মারক নং-৪৬.০০.৫৮০০.০০১.০৫.০৫৭.২৩.৫৪, তাং-১৩/০২/২০২৫ খ্রি:

উপর্যুক্ত বিষয়ের ও সূত্রোক্ত স্মরকের পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, আমি অত্র পরিষদের উপ-সহকারী প্রকৌশলী ও সহঃ প্রকৌঃ (ভারপ্রাপ্ত) হিসেবে কর্মরত। বিগত ১৩/০২/২০২৫ ইং তারিখে প্রকল্প পরিদর্শনের সময় তাৎক্ষনিক ভাবে হোয়াটঅ্যাপ এ প্রকল্প পরিদর্শনের ছবি প্রেরন না করার জন্য আমাকে কারন দর্শানোর জন্য বলা হয়। প্রকল্প সাইটের বেশীরভাগই প্রত্যন্ত অঞ্চলের বিধায় আমি প্রকল্প সাইট পরিদর্শনের সময় নিরাপত্তার স্বার্থে আমার পুরানো ফোন বহন করি। যার কারনে সময়মতো ছবি প্রেরন করা সম্ভব হয় না। যে সকল প্রকল্প আমি পরিদর্শন করতে যাই সে সকল সাইটের ঠিকাদার কিংবা প্রকল্প কমিটির সদস্যদের মোবাইল থেকে ছবি সংগ্রহ করে প্রকল্পের বিলের সময় সংযুক্ত করি। আপনার নির্দেশনা মোতাবেক এখন হতে প্রতি প্রকল্প সাইট পরিদর্শন শেষে ঠিকাদার কিংবা প্রকল্প কমিটির সদস্যদের নিকট হতে প্রাপ্ত ছবি সাথে সাথে মহোদয়কে প্রেরন করা হবে। আমার এই অনাকাঙ্খিত ভুলের জন্য ক্ষমাপ্রার্থী।

সূত্র : ৩. স্মারক নং-৪৬.০০.৫৮০০.০০১.০৫৮.২৩ (অংশ-০২).১৮৬, তাং-০৪/০৫/২০২৫ খ্রি:

উপর্যুক্ত বিষয়ের ও সূত্রোক্ত স্মরকের পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, অভিযোগের জবাবে উল্লেখ করছি যে, আমি মৌলভীবাজার জেলা পরিষদ এ উপ-সহকারী প্রকৌশলী পদে কর্মরত ও সহকারী প্রকৌশলী (ভা: প্রা:) হিসাবে দায়িত্ব পালন করিতেছি। একজন প্রকৌশলীর পক্ষে ২ টি দায়িত্ব পালন করা খুবই কষ্টসাধ্য। একজন প্রকৌশলীকে প্রকল্প গ্রহনের পর হতে প্রত্যেকটি প্রকল্পের প্রক্কলন প্রস্তুত ও সাইট পরিদর্শন লে-আউট প্রদান, প্রকল্পের কাজ সম্পাদন, এমবি ও বিল ফরম প্রস্তুত সহ টেন্ডার এর যাবতীয় কাজ করতে হয়। একজন প্রকৌশলীর পক্ষে মৌলভীবাজার জেলার ৭টি উপজেলা ও ৬৭ টি ইউনিয়ন এর প্রকল্প পরিদর্শন করে দ্রুত বিল উপস্থাপন করা সম্ভব নয়। যেহেতু প্রতিটি প্রকল্প জেলার তৃণমূল পর্যায়ের জনপ্রতিনিধি এর মাধ্যমে গ্রহণ করা হয়, প্রকল্পসমূহের স্থান প্রত্যান্ত অঞ্চলে অবস্থিত। কোন কোন প্রকল্প জেলা শহর হতে ৭০ থেকে ৭৫ কিলোমিটার প্রায় দূরে অবস্থিত।

অভিযোগের জবাবে উল্লেখ করছি যে, প্রকল্প কমিটির নথিতে জরিমানা পি পি আর এ কোথাও সুনিদৃষ্টি ভাবে উল্লেখ করা হয় নাই তাই প্রকল্প কমিটিতে জরিমানা ধরা হয়নি।


অভিযোগের প্রেক্ষিতে উল্লেখ করছি যে, ইজিপি আইডি নং ৯৬৫১৯৫ উক্ত প্যাকেজ এ ৩ টি প্রকল্পের মধ্যে ২ টি কাজ কার্যাদেশ প্রাপ্তির পর সমাপ্ত করে এবং উক্ত (গ) শ্রী শ্রী জগন্নাথ মহাপ্রভূর আখড়া উন্নয়ন, শ্রীমঙ্গল প্রকল্পটির স্থানে ঠিকাদার মালামাল মজুদ করে আমাকে লে-আউট প্রদানের জন্য নিয়ে আসে কিন্তু আমি সরজমিনে গিয়ে সেমি-পাকা জরাজীর্ণ ঘর থাকায় এটি অপসারণ না করা পযন্ত লে- আউট প্রদান করি নাই। ঠিকাদার ও প্রতিষ্ঠানের কমিটি এই প্রস্তুতি কার্যাদেশ অনুযায়ী গ্রহণ করে। বিলের আবেদন সমূহ প্রধান নির্বাহী কর্মকর্তার মহোদেয়ের ডকেট ও স্বাক্ষর হয়ে আমার নিকট আসে । সহকারী প্রকৌশলী সংশ্লিষ্ট সহকারীকে বিধি মোতাবেক নথি উপস্থাপনের জন্য আবেদনপত্রটিতে সীন করি। সংশ্লিষ্ট সহকারী নথিটি যা যাচাই বাছাই করে পুনরায় সহকারী প্রকৌশলীর নিকট নথি উপস্থাপন করেন। উপস্থাপন করার পর সকল প্রকল্প সাইট পরিদর্শন করে বাস্তবতার নিরীক্ষে সমাপ্তকৃত কাজ পরিমাপ করে এমবি ও বিল ফরম প্রস্তুত করে সংশ্লিষ্ট হিসাব শাখায় প্রেরণ করি । পরবতীতে হিসাব শাখা থেকে পরীক্ষা-নিরীক্ষা হওয়ার পর প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদের বরাবরে নথিটি উপস্থাপন করে থাকি।
আমার উপরোক্ত ব্যাখ্যায় মহোদয় সন্তুষ্ট হয়ে আমাকে উক্ত কারন দর্শানোর দায় হতে অব্যাহতি দিতে মর্জি হয়।


সংযুক্তি- ১। সাইটে মালামাল মজুদের ছবি ১ কপি।

৭/৭/২০২৫
(সিপন কুমার দাস)
উপ- সহকারী প্রকৌশলী
ও
সহকারী প্রকৌশলী (ভা:প্রা:)


অনুলিপি : সদয় অবগতির জন্য-
১। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সিলেট।
২। প্রশাসক, জেলা পরিষদ, মৌলভীবাজার।


CS CamScanner












CS CamScanner

THE DAILY JUGANTOR
# যুগান্তর
www.jugantor.com





মৌলভীবাজার জেলা পরিষদের প্রকল্প

## কাজ না হলেও বিলের সুপারিশ উপসহকারী প্রকৌশলীর

হোসাইন আহমদ, *মৌলভীবাজার*

মৌলভীবাজার জেলা পরিষদের একাধিক প্রকল্পের কাজ না করেও বিল উত্তোলনের পাঁয়তারা করছেন কয়েকজন ঠিকাদার। এ সিন্ডিকেটের সঙ্গে জেলা পরিষদের উপসহকারী প্রকৌশলী সিপন কুমার দাসের সংশ্লিষ্টতা পাওয়া গেছে। ঠিকাদারি প্রতিষ্ঠান কোনো কাজ না করলেও চূড়ান্ত বিল দেওয়ার জন্য সিপন কুমার দাস সুপারিশ করেছেন। যুগান্তরের অনুসন্ধানে এমন চিত্র উঠে এসেছে।

অনুসন্ধানে জানা যায়, জেলা পরিষদ থেকে বরাদ্দ একাধিক প্রকল্পে কাজ না করেও চূড়ান্ত বিলের জন্য আবেদন করে কয়েকটি ঠিকাদারি প্রতিষ্ঠান। আবার কোনো কোনো ঠিকাদার ওয়ার্ক অর্ডার অনুসরণ না করে নামকাওয়াস্তে কাজ করে বিল তুলে নিতে চাচ্ছেন। তাদেরকে এ কাজে পরোক্ষভাবে সহযোগিতা করছেন উপসহকারী প্রকৌশলী সিপন কুমার দাস। ঠিকাদারি প্রতিষ্ঠান কাজ না করলেও কাজ হয়েছে বলে তিনি সুপারিশ করছেন।

অনুসন্ধান বলছে, ঠিকাদারি প্রতিষ্ঠান মিতালী এন্টারপ্রাইজের প্রোপ্রাইটর নিত্যলাল দে। মৌলভীবাজার জেলা পরিষদের শ্রীমঙ্গল উপজেলায় ১৩ লাখ টাকার ৩টি কাজ পান। ঠিকাদার নিত্যলাল দে গেল বছরের ২৮ নভেম্বর জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তার কাছে চূড়ান্তর বিলের জন্য আবেদন করেন। আবেদনে তিনি উল্লেখ করেন তিনটি প্রকল্পের পুরো কাজ সমাপ্ত করেছেন। উপসহকারী প্রকৌশলী সিপন কুমার দাস বিল প্রদানের জন্য আবেদনে সুপারিশ করে প্রধান নির্বাহীর কাছে পাঠিয়েছেন। সরেজমিন এ দরপত্রের শ্রীমঙ্গল শ্রী শ্রী জগন্নাথ দেবের আখড়ায় গিয়ে দেখা যায়, কয়েকটি গর্ত ছাড়া এখানে কোনো কাজ হয়নি। অথচ আবেদনে বলা হয়েছে পুরো কাজ সম্পন্ন হয়েছে। সেবা পূজার দায়িত্বে থাকা ননী গোপাল দাশ অধিকারী যুগান্তরকে বলেন, 'যেখানে ঘর হওয়ার কথা সেই জায়গায় একটি কক্ষে আমি থাকতাম এবং এক পাশের একটি কক্ষ অফিস হিসাবে ব্যবহার করা হতো। সরকারি বরাদ্দের কথা শুনে কাজের জন্য ভাঙা হয়। ৩-৪ মাস ধরে এ অবস্থায় ফেলে রেখেছেন। কিসের জন্য এ ঘর ভাঙল এবং কিসের জন্য কাজ বন্ধ হয়েছে এতটা জানি না। একই আইডি'র রাধানগর হারিছ মিয়ার বাড়ির সামনে থেকে সুজন মিয়ার বাড়ির কাছে রাস্তার উভয় পাশে গাইড ওয়াল নির্মাণ হওয়ার কথা ছিল। সরেজমিন দেখা যায়, গাইড ওয়াল নির্মাণ না করে সেখানে নিম্নমানের কাজে নামকাওয়াস্তে ড্রেন নির্মাণ করা হয়েছে। অথচ এ দুটি প্রকল্পেই উপসহকারী প্রকৌশলী সিপন কুমার দাস চূড়ান্ত বিল প্রদান করার জন্য সুপারিশ করেছেন।

CamScanner